# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**05 NOVEMBER 2025** **7:45—7:55 PM**

---

(১) সুধাকণ্ঠ ডঃ ভূপেন হাজারিকার চতুর্দশ মৃত্যুবার্ষিকীতে সমগ্র রাজ্যে তাঁকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ/ বরাক উপত্যকার তিন জেলায়ও বিশেষ অনুষ্ঠান/

(২) দুদিনের সফরসূচী নিয়ে আগামী শুক্রবার আসামে আসছেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ/

(৩) ভারতীয় প্রশাসনিক সেবার অবসরপ্রাপ্ত আধিকারিক প্রভাতী থাওসেন আসাম লোকসেবা আয়োগের অধ্যক্ষ নিযুক্ত/

এবং

(৪) শিখধর্মের প্রবর্তক গুরুনানকের ৫৫৬ তম জন্মজয়ন্তী উপলক্ষে আজ দেশের অন্যান্য প্রান্তের সঙ্গে আসামেও বিভিন্ন কার্যসূচী/

---

সুধাকণ্ঠ ডঃ ভূপেন হাজারিকার চতুর্দশ মত্যুবার্ষিকী উপলক্ষে আজ সমগ্র আসামে বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । রাজ্যের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে জালুকবাড়ীর ডঃ ভূপেন হাজারিকা সমন্বয় তীর্থে আয়োজিত শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এই বিশ্ববরেণ্য শিল্পীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন । এই অনুষ্ঠানে মানব শৃঙ্খলের মাধ্যমে ‘মানুষ মানুষের জন্য’ শীর্ষক চিরসবুজ গানটি পরিবেশন করা হয় । মুখ্যমন্ত্রী রাজ্যের বিভিন্ন স্থানে এই গানটি পরিবেশন করার জন্য শিল্পী, ছাত্র-ছাত্রী তথা জনসাধারণকে ধন্যবাদ জানিয়েছেন । তিনি বলেন যে- ‘মানুষ মানুষের জন্য’ গানটি কেবল আসামের নয়, সমগ্র মানব জাতির সম্পদ । এই গানটি সমগ্র বিশ্বের মানবতার গান হিসেবে স্বীকৃতি প্রদানের জন্য রাষ্ট্রসংঘকে অনুরোধ

জানানোর বিষয়ে রাজ্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । আসাম এবং অরুণাচল প্রদেশের মধ্যের সম্পর্ককে সুধাকণ্ঠ অরো বেশি শক্তিশালী করে তুলেছিলেন বলে উল্লেখ করে ডঃ শর্মা বলেন যে- বরেণ্য এই শিল্পীর স্মৃতিকে সজীব করে রাখার জন্য ধলা-সদিয়ার ডঃ ভুপেন হাজারিকা সেতুর জিরো পয়েন্টে তাঁর প্রায় একশো ফুট উচ্চতার বিশাল প্রতিমূর্তি স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে । ইতিমধ্যে রাজ্যের লোকনির্মাণ বিভাগ এই প্রতিমূর্তি স্থাপনের প্রস্তুতি সম্পূর্ণ করেছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । তিনি একইসঙ্গে আসামের প্রতিটি শহরে একটি করে সড়ক ডঃ ভুপেন হাজারিকার নামে উৎসর্গ করা হবে বলে উল্লেখ করেছেন ।

#বাইট#

আসাম আন্দোলনের পটভূমিতে শহিদদের স্মরণে সুধাকণ্ঠের রচনা করা ‘শহিদ প্রণামো তোমাক’ শীর্ষক গানটির কথা উল্লেখ করে মুখ্যমন্ত্রী বলেন যে- গুয়াহাটির নবনির্মিত শহিদ স্মারক ভবনের উদ্বোধনের সঙ্গে সঙ্গতি রেখে আগামী দশ ডিসেম্বর এই গানটি সমগ্র রাজ্যে পরিবেশনের ব্যবস্থা করা হবে ।

আজকের অনুষ্ঠানে রাজ্যের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের মন্ত্রী বিমল বরা ছাড়াও অতিরিক্ত মুখ্য সচিব ডঃ বি কল্যাণ চক্রবর্তী, সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের সঞ্চালক রাহুল চন্দ্র দাস সহ বেশকয়েকজন শিল্পী ও আধিকারিকগণ উপস্থিত ছিলেন ।

-------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার তিন জেলা সহ রাজ্যের ৩৫টি জেলা এবং ২৭টি সম-জেলায় ডঃ ভূপেন হাজারিকার চতুর্দশ মৃত্যুবার্ষিকীতে আজ বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । রাজ্যের প্রতিটি জেলাসদরে পাঁচ হাজারেরও বেশি ছাত্রছাত্রী, যুবক-যুবতী এবং কলাকুশলীরা মানব শৃঙ্খলের মাধ্যমে ‘মানুষ মানুষের জন্য’ শীর্ষক গানটি পরিবেশন করেছেন ।

এদিকে সুধাকণ্ঠের চতুর্দশ মৃত্যুবার্ষিকী উপলক্ষে কাছাড়ের জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচরের পুলিশ প্যারেড গ্রাউন্ডে আয়োজিত হয়েছে ‘মানুষ মানুষের জন্য’ শীর্ষক বিশেষ অনুষ্ঠান । সমবেত কণ্ঠে প্রায় পাঁচ হাজার শিল্পী এই গানটি পরিবেশন করেন । এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই । এছাড়া শিলচরের সাংসদ পরিমল শুক্লবৈদ্য, রাজ্যসভার সাংসদ

কণাদ পুরকায়স্থ, বিধায়ক দীপায়ন চক্রবর্তী, বিশিষ্ট লোকগবেষক অমলেন্দু ভট্টাচার্য , কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব, সিনিয়র পুলিশ সুপার পার্থপ্রতিম দাস প্রমুখ উপস্থিত ছিলেন । এই অনুষ্ঠানে কাছাড় জেলার বিশিষ্ট সঙ্গীত শিল্পীরা, বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের সদস্যগণ, স্কুল-কলেজের ছাত্র-ছাত্রী এবং বিভিন্ন সরকারী কার্যালয়ের কর্মচারীরা মানব শৃঙ্খল গড়ে তুলে এই গানটি পরিবেশন করেন । এছাড়া প্রায় ১৭ মিনিট ধরে ভূপেন হাজারিকার অন্যান্য গানও পরিবেশিত হয় । অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মন্ত্রী কৌশিক রাই বলেন-

#বাইট#

লক্ষ্মীপুর সম-জেলায়ও এই উপলক্ষে অনুরূপ কার্যসূচীর আয়োজন করা হয়েছে ।

শ্রীভূমির জেলাসদর শ্রীভূমির জেলা ক্রীড়া সংস্থার মাঠে আজ ডঃ ভূপেন হাজারিকার মৃত্যুবার্ষিকী উপলক্ষে জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । এতে রাজ্যের অভিভাবক মন্ত্রী কৌশিক রাই মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । শ্রী রাই তাঁর ভাষণে বলেন যে- ভূপেন হাজারিকা শুধু একজন সঙ্গীত ব্যক্তিত্বই নন, তিনি মানবতার এক উজ্জ্বল প্রতীক । তাঁর গান আমাদের সমাজকে একসূত্রে বাঁধে । তিনি শিল্পীর প্রতি শ্রদ্ধা জানাতে স্বতোঃস্ফূর্তভাবে এগিয়ে আসার জন্য সকলের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন । অনুষ্ঠানে উত্তর করিমগঞ্জের বিধায়ক কমলাক্ষ দে পুরকায়স্থ তাঁর বক্তব্যে ডঃ হাজারিকার জীবন দর্শন, সঙ্গীতভুবনে তাঁর অসামান্য অবদান এবং মানবতাবাদের মর্মার্থ তুলে ধরেন । পাঁচ হাজারেরও বেশি জনসাধারণের উপস্থিতিতে এক বিশাল মানব শৃঙ্খল আবেগঘন পরিবেশে সমবেত কণ্ঠে এই গান পরিবেশন করা হয় ।

হাইলাকান্দি জেলায়ও জেলা প্রশাসনের উদ্যোগে হাইলাকান্দি শহরের জেলা ক্রীড়া সংস্থার মাঠে আজ বেলা এগারোটায় মানব শৃঙ্খলে ১৫ হাজারেরও বেশি জনসাধারণ অংশগ্রহণ করেন । জেলার বিভিন্ন স্থান থেকে আসা ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, সাংস্কৃতিক কর্মী এবং সাধারণ মানুষ হাতে হাত ধরে ‘মানুষ মানুষের জন্য’ গানটি পরিবেশন করেছেন । এই অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাইলাকান্দি জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল । এছাড়া এতে সাংসদ কৃপানাথ মালাহ্, জেলা আয়ুক্ত অভিষেক জৈন, সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ আগামী শুক্রবার দুদিনের সফরসূচী নিয়ে আসামে আসছেন ।শ্রীমতী সীতারমণ গুয়াহাটীতে একটি গুরুত্বপূর্ণ প্রকল্প উদ্বোধন করা সহ একটি নতুন রাজ্য বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রীমতী সীতারমণ আগামী শুক্রবার প্রথমে ব্রহ্মপুত্র রিভার ফ্রন্টের সতী রাধিকা শান্তি উদ্যান এবং গেটওয়ে অব গুয়াহাটীর অত্যাধুনিক ফেরী টার্মিনেল ও জেটি উদ্বোধন করবেন ।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা , জনস্বাস্থ্য কারিগড়ি বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্লবরুয়া , পরিবহণ মন্ত্রী চরণ বড়ো উপস্থিত থাকবেন । অর্থমন্ত্রী ঐদিনই জাগিরোডের সেমিকন্ডাক্টর প্রকল্প স্থল ও পরিদর্শন করবেন । শ্রীমতি সীতারমণ আগামী শনিবার বিশ্বনাথ জেলার গহপুরের ভোলাগুরি চাবাগানে শহিদ কনকলতা বরুয়া রাজ্য বিশ্ববিদ্যালয়ের ভিত্তি প্রস্থর স্থাপন করবেন ।রাজ্যের উচ্চ শিক্ষা ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপএর অংশ হিসেবে নির্মাণ করতে যাওয়া এই বিশ্ববিদ্যালয়টি রূপকোয়র জ্যোতি প্রসাদ আগরওয়ালের কর্মস্থল ভোলাগুরিতে ৭৪০ বিঘা জমিতে নির্মাণ করা হবে ।বিশ্ববিদ্যালয়টিতে পরম্পরাগত বিষয়গুলি ছাড়াও কৃত্রিম বুদ্ধিমত্তা , রবোটিক সায়েন্স , থ্রি-ডি প্রিন্টিং সহ অত্যাধুনিক বিষয়গুলি অন্তর্ভুক্ত করা হবে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় প্রশাসনিক সেবার অবসরপ্রাপ্ত আধিকারীক প্রভাতি থাওসেনকে আসাম লোকসেবা আয়োগের অধ্যক্ষ হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । বর্তমানে আয়োগের সদস্য হিসেবে কার্যনির্বাহ করা শ্রীমাতী থাওসেনকে আয়োগের অধ্যক্ষ হিসেবে নিযূক্তি প্রদান করে আসাম সরকারের কর্মচারী বিভাগের আয়ুক্ত সচিব এম মনিবন্নন আজ এক নির্দেশ জারি করেন । উল্লেখ্য শ্রীমতী থাওসেন ডিমাসা সম্প্রদায় থেকে প্রথম লোকসেবা আয়োগের  সম্মানিত পদে অধিষ্ঠিত হয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

শিখ ধর্মের প্রবর্তক তথা প্রথম ধর্মগরু গুরু নানকের ৫৫৬ তম জন্মজয়ন্তী আজ দেশের বিভিন্ন প্রান্তে উদযাপন করা হচ্ছে । এই উৎসবকে প্রকাশ উৎসব বা গুরু পরব হিসেবেও জানা যায় । প্রতি বছর কার্তিক পূর্ণিমার দিন গুরু পরব উদযাপন  করা হয় ।এ  উপলক্ষে গুরুদ্বার গুলোতে গুরু গ্রন্থ সাহেব পাঠ , ভজন ইত্যাদির আয়োজন করা হয়েছে ।
রাষ্ট্রপতি দ্রৌদী মুর্মু  এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই উৎসব উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানান ।রাষ্ট্রপতি শ্রীমতী মুর্মু সামাজিক মাধ্যমে এক বার্তায় বলেন যে এই উৎসব গুরু নানকের আদর্শ এবং মূল্যবোধকে গ্রহণ করে একটি উন্নত সমাজ গড়ে

তোলার দিকে এগিয়ে নিয়ে যায় ।তিনি বলেন যে গুরু নানকের বার্তা সত্য , ন্যায় এবং করুণার পথে জীবন যাপন করার শিক্ষা দেয় ।
প্রধানমন্ত্রী শ্রী মোদী কার্তিক পূর্ণিমা এবং দেব দীপাবলী উপলক্ষে জনসাধারণকে শুভেচ্ছা জানিয়েছেন ।এক বার্তায় শ্রী মোদী ভারতীয় সংস্কৃতি এবং আধ্যাত্মিকতার সঙ্গে জড়িত এই উৎসব সবার জীবনে সুখ , সমৃদ্ধি বয়ে আনবে বলে আশা প্রকাশ করেন ।
রাজ্যের বিভিন্ন স্থানেও আজ গুরু নানক জয়ন্তী এবং কার্তিক পূর্ণিমা উপলক্ষে নানা কার্যসূচীর আয়োজন করা হয়েছে । বিভিন্ন স্থানে রাস মহোৎসবের আয়োজন করা হয়েছে। শিবসাগর গুরুদ্বারে আজ এ উপলক্ষে উৎসব মুখর পরিবেশ বিরাজ করছে । ১৫০৫ সালে গুরু নানকের ধুবরী জেলায় পদার্পন কে স্মরণ করতে আজ গুরুদ্বার , গুরু তেগ বাহাদুর সাহেবজীতে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

আসাম ক্রিকেট সংস্থা আগামী আটই অক্টোবর রঞ্জি ট্রফি প্রতিযোগিতায় ত্রিপুরার বিরুদ্ধে অবতীর্ণ হতে যাওয়া আসামের দলটির খেলোয়াড়দের নাম ঘোষণা করেছে । সংস্থার মুখ্য কার্যবাহী আধিকারিক প্রীতম মহন্ত একথা জানিয়ে এক বিবৃতিতে দলটির অধিনায়ক হিসেবে ডেনিস দাস এবং সহ-অধিনায়ক হিসেবে সুমিত ঘারিগাঁওকরের নাম উল্লেখ করেছেন । নোবেল ডেভিড, দলটির মুখ্য প্রশিক্ষক এবং রাজীব রাজবংশী প্রশিক্ষক হিসেবে থাকবেন ।

---------------------------------------------------------------------------------